

## শিক্ষক রাজনীতি : জাবিতে ৭০ হাজার ভর্তি পরীক্ষার্থী ক্ষতিগ্রস্ত হচ্ছে

**জাবি প্রতিনিধি**  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসনের অদক্ষতা ও শিক্ষক রাজনীতির কবলে পড়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে প্রায় ৭০ হাজার ভর্তি পরীক্ষার্থী। জানুয়ারি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ২০০৮-০৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন ২৮ ডিসেম্বর অনিবার্য কারণ দেখিয়ে ভর্তি পরীক্ষা স্থগিত করেছে এবং এখন পর্যন্ত ভর্তি পরীক্ষার জন্য কোন তারিখ নির্ধারণ করতে পারেনি। এ বছর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে প্রায় ৭০ হাজার শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। জানা গেছে, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহ্বানে শিক্ষকদের কর্মবিরতির কারণে প্রশাসন বাধ্য হয়ে পরীক্ষা স্থগিত করেছে। ৬ নভেম্বর থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক লাল্পনার বিচার দাবি করে শিক্ষকদের লাগাতার কর্মবিরতি চলছে। স্থবির হয়ে পড়েছে সব শিক্ষা কার্যক্রম। প্রশাসন থেকে শিক্ষক সমিতির কাছেও কোন প্রকার আনুষ্ঠানিক সহযোগিতা চাওয়া হয়নি। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. শামছুল আলম জানান, বিশ্ববিদ্যালয় প্রশাসন আমাদের সহযোগিতা চেয়ে কোন আনুষ্ঠানিক বৈঠক করেনি। আমাদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত আমাদের কর্মসূচি অব্যাহত থাকবে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক জানান, ভর্তি পরীক্ষার কোন

তারিখ আমরা এখনও নির্ধারণ করতে পারিনি। চলমান সংকট কেটে গেলেই আমরা শিগগিরই একটা তারিখ দিতে পারব বলে আশা করছি। বিশ্বস্ত নূরুজ্জামান গেছে, রোববার থেকে শিক্ষকদের চলমান কর্মবিরতি প্রত্যাহার হওয়ার সম্ভাবনা রয়েছে।